

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.২৬৮—সাবেক রাষ্ট্রদূত ও প্রধান তথ্য কমিশনার জনাব মোহাম্মদ ফারুক গত ১৯ আগস্ট ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইমালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

২। রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ ফারুকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৫ ভাদ্র ১৪২৫/২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১০৭৩৯)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ০৫ ভাদ্র ১৪২৫
২০ আগস্ট ২০১৮

সাবেক রাষ্ট্রদূত ও প্রধান তথ্য কমিশনার জনাব মোহাম্মদ ফারুক গত ১৯ আগস্ট ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইম্নালিল্লাহি ওয়া ইম্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

জনাব মোহাম্মদ ফারুক বাংলাদেশ সিভিল সার্ভিস (পররাষ্ট্র বিষয়ক) ক্যাডারের ১৯৭৩ ব্যাচের একজন কর্মকর্তা হিসাবে চাকরিতে যোগদান করেন। বর্ণাঢ্য কর্মময় জীবনে জনাব মোহাম্মদ ফারুক পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিভিন্ন পদে অধিষ্ঠিত ছিলেন। এছাড়া তিনি থিম্পু, ক্যানবেরা, কুয়ালালামপুর, ওয়াশিংটন ডিসি, লস এঞ্জেলস – প্রভৃতি বাংলাদেশ মিশন/দূতাবাসে বিভিন্ন পদে কূটনীতিক হিসাবে অত্যন্ত দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি ফিলিপাইনে বাংলাদেশের রাষ্ট্রদূত হিসাবে দায়িত্ব পালন করেন। দীর্ঘ পেশাদার কূটনীতিক জীবনে তিনি ব্যাপক সাফল্য অর্জন করেন।

সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পর তিনি ২০১২ সালে প্রধান তথ্য কমিশনার হিসাবে নিযুক্ত হন এবং তাঁর ওপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন।

ব্যক্তিজীবনে জনাব মোহাম্মদ ফারুক বিনয়ী ও বন্ধুবৎসল মানুষ হিসাবে সমাদৃত ছিলেন।

জনাব মোহাম্মদ ফারুকের মৃত্যুতে বাংলাদেশ একজন দেশপ্রেমিক কূটনীতিককে হারাল।

মন্ত্রিসভা রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ ফারুকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।